দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 4 19[illegible]
পৃঃ 2 কলাম 6

34

# প্রধানমন্ত্রীর অফিসে শিক্ষক সমিতি ফেডারেশনের স্মারকলিপি পেশ

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ডাঃ এসএ মালেক বলেছেন, সমাজে এখন পর্যন্ত যেটুকু মূল্যবোধ বিরাজ করছে, শিক্ষকরাই তা ধরে রেখেছেন।

রবিবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক প্রতিনিধি দলের সাথে আলোচনাকালে ডাঃ মালেক এ কথা বলেন। প্রতিনিধি দল ১৫ ও ৭ দফা দাবি সংবলিত একটি স্মারকলিপি প্রধানমন্ত্রীর বরাবরে তাঁর কাছে পেশ করেন। দাবিগুলোর মধ্যে রয়েছে বেসরকারী শিক্ষকদের মূল বেতন শর্তহীনভাবে ৮০ শতাংশ থেকে ১শ' ভাগে উন্নীত করা, সরকারী-বেসরকারী শিক্ষকদের পদোন্নতি প্রভৃতি।

প্রতিনিধি দলে ছিলেন ফেডারেশনের নেতা শেখ আমানুল্লাহ, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আলী আকবর খান ডলার, মোঃ সেলিম ভূঁইয়া প্রমুখ। —খবর বিজ্ঞপ্তির।